গবেষণায় দেখা গেছে যে আপনার শিশুর শিক্ষালাভে সহায়তা করার ক্ষেত্রে আপনি সবচেয়ে গুরুত্বপূর্ণ যে কাজটি করতে পারেন তা হল ছোট শিশুটিকে সাথে নিয়ে পাঠ করা।

Springboard
Life-changing literacy

শিশুদের পঠনে সহায়তাদানে মা-বাবাদের জন্য একটি ক্ষুদ্র নির্দেশিকা

পরামর্শ 1

যা পারবেন না সেদিকে নয়, আপনি যা করতে পারেন সেদিকে দৃষ্টি নিবন্ধ করুন!

সব কিছু মানিয়ে-গুছিয়ে নেয়ার জন্য অনেক সময় আমাদেরকে কঠোর পরিশ্রম করতে হয়!
পাঠাভ্যাসের প্রশ্ন যখন আসে, সামান্য কয়েকটি বিষয় বিশাল পার্থক্য গড়ে দিতে পারে।
· শিশুর পাঠাভ্যাস বিষয়ে আপনার শিশুর শিক্ষক অথবা পাঠসহকারীর (teaching assistant) সাথে কথা বলুন।
· আপনার স্থানীয় পাঠাগারে যোগ দিন (আপনার আইডি প্রয়োজন হবে) এবং তারা গল্প-বলা কর্মশালা পরিচালনা করে কিনা অথবা গল্পের সিডি ধার দেয় কিনা তা জেনে নিন।
· অন্যান্য মা-বাবা ও কেয়ারারদের সাথে তাদের শিশুরা কিধরনের বই পছন্দ করে তা নিয়ে কথা বলুন।

পরামর্শ 2

সঠিক পর্যায়টি খুঁজে নিন

পাঠাভ্যাসের ক্ষেত্রে বহু ছোট শিশুকে সংগ্রাম করতে হয় কেননা তাদেরকে এমন সব বই পড়তে দেয়া হয় যেগুলো তাদের জন্য খুব কঠিন।
আপনার শিশুকে তার পছন্দ মত বইটি বেছে নিতে উৎসাহিত করুন। ·
আপনার শিশুর পাঠ-পর্যায়ে কোন বইগুলো সবচেয়ে বেশি উপযোগী তা আপনার শিশুর শিক্ষককে জিজ্ঞাসা করুন। ·
তাদের জন্য আপনি তুলনামূলকভাবে কঠিন বইগুলো পাঠ করুন কিন্তু তাদেরকে সহজগুলো পড়তে দিন। ·
তাদের প্রিয় বইগুলো তাদের সাথে বারবার পাঠ করুন। বারবার পাঠ তাদেরকে শিখনে সাহায্য করে। ·

পরামর্শ 3

নিয়মিত একসাথে সময় কাটানোর জন্য পঠনকে উপায় হিসাবে গ্রহন করুন



নিয়মিতভাবে একসাথে পাঠের জন্য একটি ‘বিশেষ সময়’ তৈরি করে নিন। যখন তারা আপনার নিরবিছিন মনোযোগ পাবে তখন তারা সময়টা উপভোগ করবে।
· আপনার শিশুর ঘুমতে যাবার রুটিনের মধ্যে গল্প শোনানোর জন্য একটি নিয়মিত সময় নির্ধারণ করুন।
· তাদের সাথে বসে পাঠের সময় টিভি ও আপনার মোবাইল ফোন বন্ধ রাখুন।
· আপনি শিশুকালে পছন্দ করতেন এমন একটি বই বা গল্প সম্পর্কে তাদের বলুন অথবা একটি গল্প বানান।

পরামর্শ 4

শোনার জন্য, শোনার জন্য, শোনার জন্য সময় নিন

আপনি যখন ব্যস্ত থাকেন তখন আপনার শিশুর জন্য তাড়াহুড়া করে পাঠ করা ও তাদেরকে তাড়া দেয়ার সমূহ সম্ভাবনা তৈরি হয়ে যায়। কোন ধরনের বাধা না দিয়ে তাদের পাঠ শোনার জন্য ধীর-স্থির হন।
যখন তারা কথা বলে বা পাঠ করে তখন তাদের প্রতি আপনার পূর্ণ মনোযোগ দিন। ·
গল্পের অংশ ধরে পড়ার ক্ষেত্রে এককেবার এককেজন এককে অংশ পড়ুন। ·
পুনরায় পাঠে উৎসাহিত করার জন্য তাদেরকে বলুল যে আপনি তাদের পাঠ শুনতে পছন্দ করছেন। ·

পরামর্শ 5

ভারসাম্যতার প্রয়োগ ঘটান

আপনি যখন ব্যস্ত থাকেন তখন আপনার শিশুর জন্য তাড়াহুড়া করে পাঠ করা ও তাদেরকে তাড়া দেয়ার সমূহ সম্ভাবনা তৈরি হয়ে যায়। কোন ধরনের বাধা না দিয়ে তাদের পাঠ শোনার জন্য ধীর-স্থির হন।
যখন তারা কথা বলে বা পাঠ করে তখন তাদের প্রতি আপনার পূর্ণ মনোযোগ দিন। ·
গল্পের অংশ ধরে পড়ার ক্ষেত্রে এককেবার এককেজন এককে অংশ পড়ুন। ·
পুনরায় পাঠে উৎসাহিত করার জন্য তাদেরকে বলুল যে আপনি তাদের পাঠ শুনতে পছন্দ করছেন।

পরামর্শ 6



পঠিত বিষয় নিয়ে কথা বলুন

যা পাঠ করে তা নিয়ে চিন্তা করাটা শিশুর জন্য সহায়ক, এটা তাদের কল্পনাশক্তি ও আত্মবিশ্বাস বাড়ায়। তারা যা পড়ছে তা বুঝতে পারছে কিনা তা যাচাই করে নেওয়ার জন্যও এটা একটা ভালো উপায়।

- আপনি শুনছেন কিনা তা পরখ করে নেয়ার মত প্রশ্ন ভাবতে দিন আপনার শিশুকে।
- কোন একটি গল্পে কোন একটি নির্দিষ্ট চরিত্র সম্পর্কে কেমন অনুভূতি হয় তা জিজ্ঞাসা করুন।
- তারা যদি গল্পের চরিত্র হিসাবে থাকতো তাহলে কি করতো অথবা গল্পের পরবর্তী অংশে কি ঘটতে যাচ্ছে বলে তারা মনে করছে তা আপনাকে বলতে বলুন।

পরামর্শ 7

যেকোন স্থানে পঠন উপভোগ করুন

সবসময় একটি বইই হতে হবে এমন কোন কথা নেই।
একসাথে বসে অনলাইনে ঢুকুন এবং তাদেরকে আগ্রহী করে তোলে এমন একটি ওয়েবপাতা পড়ুন বা প্রিন্ট নিন। •
ট্রাফিক সাইন, বিজ্ঞাপন, সিরিয়ালের প্যাকেট, খবরের সহজ শিরোনামগুলো পড়তে তাদেরকে উৎসাহিত করুন। •

পরামর্শ 8

প্রয়োজন মনে করলে আপনার শিশুর জন্য বাড়তি সহযোগিতার জন্য বলুন

এমন হতে পারে যে যাবতীয় সকল প্রচেষ্টা স্বত্তেও পাঠের সময় আপনার শিশুকে সমস্যায় পড়তে হয়।
কোন একটি সমস্যা যত দ্রুত চিহ্নিত হয় তত দ্রুত তা নিয়ে কিছু একটা করা সম্ভব হয়।

- কোন বিষয় নিয়ে আপনার দুশ্চিন্তা থাকলে তা নিয়ে আপনার শিশুর শিক্ষকের সাথে বলুন – তারা আপনাকে বাস্তবসম্মত পরামর্শ দিতে এবং বাড়তি সাহায্য পাবার উপায়গুলো বলতে সক্ষম হবেন।
- আপনার শিশুর দৃষ্টিশক্তি পরীক্ষা করান।
- www.springboard.org.uk ভিজিট করুন, সহায়তা দিতে পারে এমন বিশেষধরনের প্রতিষ্ঠানগুলোর একটি তালিকা আমরা এতে দিয়ে রেখেছি।

পরামর্শ 9

বইয়ের বাইরে ভাবুন!

নানান ধরনের অসাধারণ সব সৃষ্টিশীল গল্প ও ছবির বই, ওয়েবসাইট, অডিওবই ও মোবাইল ডিভাইস শিশুদের জন্য উন্মুক্ত আছে। এগুলো থাকা স্বত্তেও, পঠনের ক্ষেত্রে তাদের প্রয়োজন বেসিক বিল্ডিং ব্লকস শিখে নিয়ে 'সারার্থ বের করে আনা'।
একসাথে মিলে একটি সহজ বই ধরুন – তাদেরকে বইটির জন্য ছবি আঁকানোতে লাগান। •
মজার-মজার কথা বলা, তাদের কথা শোনা, গল্প বলা এবং একসাথে মিলে পড়ার ব্যাপারগুলো মনে রাখুন। •

পরামর্শ 10

আপনার নিজের ভাষা মনে রাখুন

আপনার শিশুর জন্য আপনার নিজের ভাষাটি চর্চায় রাখা গুরুত্বপূর্ণ – একের অধিক ভাষা শিক্ষা করাটা অনেক দিক থেকেই লাভজনক এবং এটা তাদের পড়তে শেখার প্রক্রিয়াকে ধীরগতি করে না।

- বাড়ীতে তাদের সাথে আপনার নিজের ভাষাতে কথা বলুন
- তাদেরকে দেখতে দেওয়ার জন্য আপনার ভাষার বইপত্র সংগ্রহে রাখুন
- উভয় ভাষার ব্যাপারে তাদেরকে উৎসাহিত করুন – কখনোই 'ভুল' ভাষাতে কথা বলার জন্য তাদেরকে বকবেন না, উভয় ভাষাই তাদের জন্য সঠিক!

The Dyslexia-SpLD Trust

Springboard for Children (স্প্রিংবোর্ড ফর চিলড্রেন) শিশুদের জন্য ওয়ান-টু-ওয়ান ভিত্তিতে সাক্ষরতা শিক্ষণ দেয়, শিশুদের শিক্ষণের সম্ভাবনা উন্মুক্ত করায় সাহায্য দেয়ার লক্ষ্যে স্কুল এবং পরিবারের সঙ্গে কাজ করে।
Springboard for Children (স্প্রিংবোর্ড ফর চিলড্রেন) ডিসল্যাক্সিয়া অ্যান্ড স্পেসিফিক লার্নিং ডিফিকাল্টিজ ট্রাস্ট এর সদস্য।

Springboard for Children (স্প্রিংবোর্ড ফর চিলড্রেন) এর ব্যাপারে আরও জানতে চাইলে দয়া করে যোগাযোগে থাকুন

020 7921 4550

info@springboard.org.uk

www.springboard.org.uk

Springboard Life-changing literacy

Springboard for Children (স্প্রিংবোর্ড ফর চিলড্রেন) একটি রেজিস্টার্ড চ্যারিটি (নং 1124257) এবং একটি কোম্পানী লিমিটেড বাই গ্যারান্টি (নং 6251103)। BENGALI